

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 24 June, 2025

রানের উত্তর-পশ্চিমাঞ্চলীয় গিলান প্রদেশে ইসরায়েলের বিমান হামলায় অন্তত ৯ জন নিহত এবং ৩৩ জন বেসামরিক নাগরিক আহত হয়েছেন। আহতদের মধ্যে নারী ও শিশুও রয়েছে।

মঙ্গলবার (২৪ জুন) এই তথ্য নিশ্চিত করেছে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরা। প্রদেশটির আঞ্চলিক গভর্নরের বরাতে প্রতিবেদনে জানানো হয়, হামলায় আশপাশের বহু বাড়ি ক্ষতিগ্রস্ত হয় এবং পাঁচজনকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে।

আহত ৩৩ জনের মধ্যে ১৬ জন নারী ও শিশু বলে জানিয়েছে স্থানীয় প্রশাসন।

এই হামলা এমন সময় ঘটল, যখন টানা প্রায় দুই সপ্তাহের সংঘাতের পর ইরান ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হয়েছে।

এ নিয়ে বিশ্বজুড়ে উদ্বেগ বাড়ছে।

এদিকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প টুথ সোশ্যাল প্ল্যাটফর্মে এক পোস্টে যুদ্ধবিরতি লঙ্ঘন না করার আহ্বান জানিয়েছেন। তিনি লিখেছেন:

“যুদ্ধবিরতি এখন থেকে কার্যকর হয়েছে, অনুগ্রহ করে কেউ এটি লঙ্ঘন করবেন না।”

বিশ্লেষকরা বলছেন, এ ধরনের হামলা যুদ্ধবিরতির ভবিষ্যৎকে হুমকির মুখে ফেলতে পারে এবং আবারও উত্তেজনা বাড়াতে পারে মধ্যপ্রাচ্যে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 09:09

URL: <https://timestodaybd.com/international/2352463623>